

RF



২০১৮ সালের পদ্মনাথ বিদ্যাভিনোদ স্মৃতি সাহিত্য পুরস্কার প্রাপ্ত

শ্রী অনুভব তুলসী

অসমিয়া কাব্যজগতে অনুভব তুলসী উজ্জ্বল এক ধ্বজতারা। নগাঁওয়ের তুলসীমুখে ১৯৫৮ সালে জন্ম এই কবির প্রথম কাব্যগ্রন্থ 'নাজমা'। একটি বাক্যে তাঁর কবিতার মূল সুরকে ধরা যায় না, এটাই কবির বৈশিষ্ট্য। জীবনের প্রতি ভালোবাসা যদি হয় তাঁর কবিতার অনন্য সুর, তাহলে আঞ্চলিকতার পাশাপাশি বিশ্বজনীনতা আরেকটি প্রধান উপাদান। কল্পনা, পুরাণ, লোকজ উপাদান, প্রেম, সমাজমনস্কতা পাশাপাশি খেলা করে তাঁর কবিতার পঙ্ক্তিতে।

প্রখ্যাত কবি, সমালোচক কে সচ্চিদানন্দ লিখেছেন, 'অনুভব তুলসীর কবিতা গভীর ও সৎ; একইসঙ্গে স্থানিক ও বিশ্বজনীন। চমৎকার লিরিকের পাশাপাশি বর্তমান ও অতীতের দার্শনিকতা তাঁর কবিতায় দৃষ্ট।'

'ইন্ডিয়ান লিটারেচার'-এর সম্পাদক এ জে টমাস বলেছেন, 'অনুভব তুলসীর কবিতা আমাদের দৃষ্টি নিবদ্ধ করে ব্যক্তির অনন্যতার দিকে। কী বিষয় তিনি লিখছেন সেটা কথা নয়, যা-ই লিখুন-না কেন, তার থেকে সবচেয়ে বেশি নির্যাস তুলে আনেন তিনি।'

এটা লেখা অত্যাশ্চর্য হবে না যে অনুভব তুলসী অসমিয়া কবিতায় নতুন বেঞ্চমার্ক তৈরি করেছেন। 'নাজমা' প্রকাশের পর থেকে ধারাবাহিকভাবে কবিতায় ফর্ম ও কনটেন্ট নিয়ে পরীক্ষানিরীক্ষা চালিয়েছেন তিনি। কল্পনার সঙ্গে বাস্তব, আধুনিকতার সঙ্গে পুরাণ, গ্রামীণ সংস্কৃতির সঙ্গে শহুরে জীবনের অসাধারণ মেলবন্ধন ঘটেছে তাঁর কবিতায়।

শুধু কাব্যগ্রন্থই নয়, বেশ কয়েকটি সাহিত্য বিষয়ক পত্রিকা সম্পাদনা করেছেন তিনি। আন্তর্জাতিক কবিতা সম্মেলনে অংশগ্রহণের সূত্রে বাংলাদেশের ঢাকা, তুরস্কের ইস্তাম্বুল, মার্কিন

যুক্তরাষ্ট্রের বোস্টন, টেক্সাস, গ্রিসের এথেন্স প্রভৃতি স্থানে পদার্পণ ঘটেছে তাঁর।

শুধু কবিতা বা সমালোচনা নয়, চলচ্চিত্র সম্পর্কেও অত্যন্ত আগ্রহী অনুভব তুলসীর চলচ্চিত্র বিষয়ক সমালোচনা বিশ্ববিদ্যালয়ের পাঠ্য।

অনুভব তুলসীর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থের মধ্যে রয়েছে 'দিন রাতের দুয়ারী', 'জুই চোর', 'জয় জয়তীর জয়', 'চরাইর চকুত ফুলের বিছনা', 'পানীকাউরী', 'জীবনানন্দর দেহান্তর দৃশ্য', 'দেও চেলং', 'বরষুণর খেতিয়ক' প্রভৃতি।

কাব্য সমালোচনামূলক গ্রন্থ : অসমিয়া কবিতা আরু তুলনামূলক অধ্যয়ন, সৃষ্টি সুষমা, ইলোরার ইন্দ্রসভা।

গল্প সংকলন : গোলাপ গছত থৈ যাবি।

চলচ্চিত্র বিষয়ক লেখালিখি : বর্ণ কল্প, নিউ ওয়েভ ফ্লেক্স সিনেমা : জাঁ লুক গদার।

সম্পাদিত কাব্যগ্রন্থ : জয় জয়ন্তী, অমূল্য বরুয়ার কবিতা, তরুণ প্রজন্মের কবিতা।

সম্পাদিত গবেষণামূলক জার্নাল : কনফ্লুয়েন্স, ডিসকোর্স।

বিভিন্ন সম্মান ও পুরস্কারে সম্মানিত কবি গ্রিসের এথেন্সে অষ্টম বার্ষিক আন্তর্জাতিক সাহিত্য সম্মেলনে একটি অধিবেশনে সভাপতিত্ব করেন। এ ছাড়া অসম সাহিত্য সভার শিবসাগর ও হোজাই অধিবেশন, ঢাকায় জাতীয় কবিতা উৎসব, নতুন দিল্লিতে সার্ক সাহিত্য উৎসব, তুরস্কে রাইটার্স ও লিটারেট্রি ট্রান্সলেটর্স ইন্টারন্যাশনাল কংগ্রেস প্রভৃতি অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন। এরপর পেয়েছেন জমিরুদ্দিন আহমেদ সাহিত্য পুরস্কার (২০১৯) এবং অসম কেশরী অম্বিকাগিরি রায়চৌধুরী পুরস্কার (২০২০)।